


ডিসিসিআই/সিকিউরিটি অ্যান্ড সেফটি/১০৪৫

২০ ডিসেম্বর ২০২১

দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এ ছুটির দিনসহ প্রতিদিন ১২ (বার) ঘন্টা ডিউটির জন্য ০৩ (তিন) জন আউটসোর্সিং সিকিউরিটি গার্ড নিয়োজিত করার জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সরকার অনুমোদিত সিকিউরিটি সার্ভিস কোম্পানীর নিকট থেকে নিজস্ব প্যাডে স্বত্বাধিকারী কর্তৃক স্বাক্ষরিত দরপত্র আহ্বান করা হলঃ

১. সিকিউরিটি গার্ডের উচ্চতা কমপক্ষে ৫'-৬" এবং বয়স সর্বোচ্চ ৩৫ বছরের মধ্যে হতে হবে।
২. সিকিউরিটি গার্ডের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে জেএসসি পাস ও মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
৩. সিকিউরিটি গার্ডের জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
৪. সিকিউরিটি গার্ড শারীরিকভাবে সুস্থ, সুদর্শন ও মানসিকভাবে সচেতন হতে হবে।
৫. ডিউটি শেষে সিকিউরিটি গার্ডের অবস্থানের জন্য সিকিউরিটি সার্ভিস কোম্পানীর মতিঝিল এলাকায় বাসস্থানের ব্যবস্থা থাকতে হবে।
৬. সিকিউরিটি গার্ডের পোষাক সিকিউরিটি সার্ভিস কোম্পানী কর্তৃক প্রদান করতে হবে এবং নির্ধারিত মাসিক সিকিউরিটি সার্ভিস চার্জ ব্যতিত আর কোন ভাতা প্রদান করা হবে না।
৭. নির্বাচিত সিকিউরিটি সার্ভিস কোম্পানীর দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, পাসপোর্ট সাইজের ফটো, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত চারিত্রিক সনদের ফটোকপি ফরওয়ার্ডিং লেটারের মাধ্যমে ডিসিসিআই এ জমা দিতে হবে।
৮. কোন সিকিউরিটি গার্ড অসুস্থ হলে বা বিশেষ কারণে অনুপস্থিত থাকলে তাৎক্ষণিকভাবে তার সমমানের প্রতিস্থাপক নিয়োজিত করতে হবে।
৯. কোন সিকিউরিটি গার্ড ডিউটিতে অনুপস্থিত থাকলে অনুপস্থিত সময়ের জন্য সমহারে সিকিউরিটি সার্ভিস চার্জ কর্তন করা হবে।
১০. ভ্যাট-ট্যাক্সসহ সিকিউরিটি সার্ভিস চার্জ দর প্রস্তাবে উল্লেখ করতে হবে এবং বর্তমানে প্রচলিত হারে ভ্যাট-ট্যাক্স কর্তন করে নীট সিকিউরিটি সার্ভিস চার্জ একাউন্ট পেই চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১১. নিয়োজিত সিকিউরিটি গার্ড কর্তৃক কোন প্রকার অপরাধমূলক কর্মকাণ্ড সংঘটিত হলে তার জন্য সিকিউরিটি সার্ভিস কোম্পানী দায়ী থাকবেন।
১২. কার্যাদেশ/চুক্তির শর্তানুযায়ী সিকিউরিটি গার্ড সার্ভিস প্রদানে ব্যর্থ হলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন আগে সিকিউরিটি সার্ভিস কোম্পানী কর্তৃক ডিসিসিআই কে লিখিতভাবে অবহিত করতে হবে।
১৩. কার্যাদেশ/চুক্তির শর্তানুযায়ী সিকিউরিটি গার্ড সার্ভিস প্রদানে সিকিউরিটি সার্ভিস কোম্পানী ব্যর্থ হলে সার্বিক নিরাপত্তার স্বার্থে ডিসিসিআই যে কোন সময় কার্যাদেশ/চুক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।
১৪. নির্বাচিত সিকিউরিটি সার্ভিস কোম্পানী কে ডিসিসিআই এর নিজস্ব প্যাডে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত সিকিউরিটি সার্ভিস কোম্পানীর স্বত্বাধিকারী কর্তৃক কার্যাদেশ গৃহীত হলে উহা উভয় পক্ষের যৌথ চুক্তি হিসেবে গণ্য হবে।
১৫. ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে ডিসিসিআই এর রিসিপসনে রক্ষিত টেন্ডার বক্সে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ দরপত্র জমা দিতে হবে অথবা ইমেইলঃ azizur@dhakachamber.com এর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ দরপত্র প্রেরণ করতে হবে।
১৬. উপরোল্লিখিত সকল শর্তাবলী দরপত্রে উল্লেখ করতে হবে এবং নির্ধারিত তারিখের পরে কোন দরপত্র গৃহীত হবে না।
১৭. ডিসিসিআই কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


আফসারুল আরিফিন
মহাসচিব